



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
www.dhakaeducationboard.gov.bd



নং-৯৯৮/ক/অনু/২০২০/২৫৬৮

তারিখ: ০৪/০১/২০২০

বিষয়: কলেজ স্থাপনের অনুমতি প্রদান প্রসঙ্গে।


সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭০.৭১.০০১.২০-৩৪২; তারিখ: ১৩/১১/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ জেলার ভৈরব উপজেলাধীন প্রস্তাবিত “হাজী আসমত আলী গার্লস কলেজ”-কে নিম্নোক্ত শর্তসাপেক্ষে কলেজ স্থাপনের অনুমতি প্রদান করা হলো।

শর্তসমূহ:

- ১। পাঠদানের অনুমতি চাওয়ার পূর্বেই অধ্যক্ষসহ প্রয়োজনীয় প্রশাসনিক জনবল নিয়োগ, জমি ক্রয় এবং অবকাঠামো নির্মাণসহ অন্যান্য শিক্ষা উপকরণ তৈরী করতে হবে;
- ২। কলেজ প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- ৩। কোন শর্ত প্রতিপালনের ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে;
- ৪। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
- ৫। কলেজটি অনিমা গিরিন্দ্র কল্যাণ ট্রাস্ট, ঘোষেরকান্দি, যশোদল, কিশোরগঞ্জ দ্বারা পরিচালিত হবে।
- ৬। কলেজটিকে ভবিষ্যতে এম.পি.ও ভুক্ত করা যাবে না।
- ৭। বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক) স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা -২০২২ অনুযায়ী সকল শর্ত যথাযথভাবে পূরণ করতে হবে;

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


প্রফেসর আবু তালেব মো: মোয়াজ্জেম হোসেন
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ০২-৫৮৬১২৪৭৬
ic@dhakaeducationboard.gov.bd

সভাপতি


প্রস্তাবিত, হাজী আসমত আলী গার্লস কলেজ
ভৈরব, কিশোরগঞ্জ।

মেমো নং- ২৫৬৮(৭)

তারিখ: ০৪/০১/২০২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল:

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। অফিস কপি


কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

